12

তারিখ 05 SEP 1996 পৃষ্ঠা ৮ কলাম ২

আজকের কাগজ

# নাসিরনগরে শিক্ষার জন্যে খাদ্য ক[র্মসূচির] গম বিতরণে অনিয়মের অভিযোগ

ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর থানার সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচির আওতাধীন গম বিতরণে ব্যাপক অনিয়ম, কারচুপি, আত্মসাৎসহ অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে। জানা যায়, থানার ১৩ টি ইউনিয়নের মধ্যে ২ টি ইউনিয়নের মোট ২১ টি বিদ্যালয়কে কর্মসূচির অন্তর্ভুক্ত করা হয়। থানার চাতলপাড় ও ধরমণ্ডল ইউনিয়নের কোনো কোনো বিদ্যালয়ে খাতাপত্রে ভুয়া ছাত্র-ছাত্রিদের নাম তুলে সুবিধা ভোগিদের সংখ্যা বাড়িয়ে দেখানো হয়েছে এবং চাহিদার পরিমাণ বৃদ্ধি করে গমের অতিরিক্ত বরাদ্দ নিয়ে যাচ্ছে। বরাদ্দকৃত গম সঠিকভাবে বিতরণ করা হয়েছে এই মর্মে সুবিধাভোগিদের কাছ থেকে বিদ্যালয় কর্তৃপক্ষ মাষ্টার রোলে টিপসই বা স্বাক্ষর করিয়ে নিচ্ছে। বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতিগণের যোগসাজসে প্রধান শিক্ষকগণ গম বিতরণের পূর্বে সেই সঙ্গে গম পাওয়া প্রতিজন সাধারণ নিরীহ গরিব ছাত্র-ছাত্রীর কাছ থেকে পরিবহন খরচ বাবদ ১০/১৫ টাকা পর্যন্ত আদায় করছে বলে এলাকাবাসী জানান, অথচ সরকার পরিবহন খরচ বাবদ টন প্রতি ১৮৫ টাকা, বিতরণ খরচ বাবদ ৩শ' টাকা এবং বস্তা বিক্রির টাকা ও বিদ্যালয়গুলোকে দিচ্ছে। অন্যদিকে স্থানীয় প্রভাবশালিদের খুশি করার জন্যে তাদের ছেলে-মেয়ে অথবা আত্মীয়দের নামে গম বরাদ্দ করে নিজেদের অনেকাংশে নিরাপদ মনে করছেন এমন অনেক নামে গম বরাদ্দ দেয়া হয়েছে যারা আদৌ এলাকায় নেই এ অভিযোগও পাওয়া যাচ্ছে। এসব অনিয়মের সঙ্গে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ব্যবস্থাপনা কমিটি জড়িত। তা ছাড়া স্থানীয় ইউপি চেয়ারম্যান ও থানা শিক্ষা কর্মকর্তাও বিষয়টি খুব ভালোভাবেই অবগত আছেন। তবে তারা এ বিষয়ে রহস্যজনকভাবে নীরব ভূমিকা পালন করছেন। ব্রাহ্মণবাড়িয়া থেকে আক্তার হোসেন ভূইয়া।